40

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 24 JAN 1996

পৃষ্ঠা 2 কলাম ৬

## অতিরিক্ত ফি আদায় প্রসঙ্গে

শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ ঘোষণা করিয়াছেন যে, এবার এসএসসি পরীক্ষার ফি বাবদ সর্বসাকুল্যে ৫৭০/- টাকা জমা দিতে হইবে। কোন কোচিং ফি দিতে হইবে না, তবে শিক্ষা প্রতিষ্ঠানগুলি মার্চ'৯৬ পর্যন্ত তিন মাসের অতিরিক্ত বেতন আদায় করিতে পারিবে। কিন্তু দুঃখের বিষয়, কোন কোন স্কুল বোর্ডের এই নির্দেশ অমান্য করিয়া আসন্ন এসএসসি পরীক্ষার ফরম ফিলাপের জন্য দেড় হাজার হইতে দুই হাজার টাকা পর্যন্ত দাবী করিতেছে। উদাহরণ স্বরূপ: কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া থানাধীন ও ব্রাহ্মণবাড়ীয়া জেলার কসবা থানাধীন কয়েকটি স্কুলে অনুরূপ টাকা ধার্য করা হইয়াছে, যাহা অযৌক্তিক ও অন্যায়। এমতাবস্থায় বোর্ডের নির্দেশ মান্য করা হইতেছে কি না সরেজমিনে তাহা দেখার জন্য একটি ভিজিলেন্স টিম গঠন করা অত্যন্ত জরুরী বলিয়া মনে করি। বিষয়টির প্রতি শিক্ষা বোর্ড সমূহের সুদৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোছাঃ রিপালী খন্দকার,
মাধবপুর, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।